



কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প
কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

ঘূর্ণিঝড় 'রিমাল' ও সম্ভাব্য ভারী বৃষ্টিপাতের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ (হালনাগাদ)

প্রকাশের তারিখ: ২৩/০৫/২০২৪

হালনাগাদের তারিখ: ২৫/০৫/২০২৪ (সন্ধ্যা ৭টা)

২য় হালনাগাদের তারিখ: ২৫/০৫/২০২৪ (রাত ১০টা)

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্য মতে পূর্বমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিমমধ্য বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত গভীর নিম্নচাপটি উত্তরদিকে অগ্রসর হয়ে ঘূর্ণিঝড় 'রিমাল' এ পরিণত হয়েছে। এর প্রভাবে দেশের সকল বিভাগে দমকা/ঝড়ো হাওয়াসহ ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে। এমতাবস্থায়, ঘূর্ণিঝড় ও বৃষ্টিপাতের ক্ষতিকর প্রভাব থেকে দণ্ডায়মান ফসলকে রক্ষার জন্য নিম্নলিখিত কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শসমূহ প্রদান করা হলো:

- ১। বোরো ধান ৮০% পরিপক্ব হয়ে গেলে দ্রুত সংগ্রহ করে নিরাপদ জায়গায় রাখুন।
- ২। সংগ্রহ করা ফসল পরিবহন করা না গেলে মাঠে গাদা করে পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন যেন ঝড়ো হাওয়া ও ভারী বৃষ্টিপাতের কারণে ক্ষতি না হয়।
- ৩। দ্রুত পরিপক্ব সবজি ও ফল বিশেষ করে আম ও লিচু সংগ্রহ করে ফেলুন।
- ৪। সেচ, সার ও বালাইনাশক প্রয়োগ থেকে বিরত থাকুন।
- ৫। দণ্ডায়মান ফসলকে পানির স্রোত থেকে রক্ষার জন্য জমির আইল উঁচু করে দিন।
- ৬। নিকাশন নালা পরিষ্কার রাখুন যেন জমিতে পানি জমে না থাকতে পারে।
- ৭। খামারজাত সকল পণ্য নিরাপদ স্থানে রাখুন।
- ৮। আখের ঝাড় বেঁধে দিন, কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- ৯। পুকুরের চারপাশ জাল দিয়ে ঘিরে দিন যেন ভারী বৃষ্টিপাতের পানিতে মাছ ভেসে না যায়।
- ১০। গবাদি পশু ও হাঁসমুরগী শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।

(ড. মো: শাহ কামাল খান)

প্রকল্প পরিচালক

যোগাযোগ নম্বর: ০১৭১২১৮৪২৭৪

ইমেইল: kamalmoa@gmail.com